




বাংলাদেশ জাতীয়তাবাদী দল অষ্ট্রেলিয়া  
BANGLADESH NATIONALIST PARTY (B.N.P. JATIOTABADI DAL)  
AUSTRALIA INC-9875521

## বিএনপি অষ্ট্রেলিয়ার উদ্যোগে মহান জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত

গত ৮ই নভেম্বর রবিবার বাংলাদেশ জাতীয়তাবাদী দল অষ্ট্রেলিয়া শাখার উদ্যোগে সিডনির বেলমোর কমি-উনিটি সেন্টার অডিটরিয়ামে মহান জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষ্যে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে বিএনপি অষ্ট্রেলিয়া ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মী, বিশিষ্ট ব্যক্তিবর্গ, সাংবাদিকসহ সর্বস্তরের প্রবাসী বাঙালীরা অংশগ্রহণ করে। বিএনপি অষ্ট্রেলিয়ার সভাপতি ড. আব্দুল ওয়াহাবের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুবদল এর কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মনিরুল হক জর্জ। আলোচনা পর্বের শেষে ছিল মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

আলোচনা সভায় বক্তারা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের রাজনৈতিক কর্মকাণ্ড, '৭৫ সালের ৭ই নভেম্বরের সিপাহী- জনতার ভূমিকা ও রাষ্ট্রপরিচালনায় তাঁর দায়িত্বভার গ্রহণ ও অন্যান্য দিকগুলো তুলে ধরেন। বক্তারা ৭ নভেম্বরের চেতনায় উজ্জীবিত হয়ে সার্বভৌমত্ব ও গণতন্ত্র সুরক্ষার অঙ্গীকার ব্যক্ত করে বলেন, বর্তমান সরকার ৭ নভেম্বরের চেতনাকে নস্যাত করার চেষ্টা ও গভীর ষড়যন্ত্র করছে। বাংলাদেশ জাতীয়তাবাদী দল এর নেতা কর্মীরা আজ সারা বিশ্বব্যাপী তারা এই ষড়যন্ত্র ও নীল নকশা প্রতিহত করে দেশের অতন্দ্র প্রহরী হিসেবে জনগণের সাথে ছিল, আছে এবং থাকবে। সিপাহী ও জনগণ '৭৫ এর ৭ই নভেম্বর যেভাবে নীল নকশার ষড়যন্ত্র ধ্বংস করেছিল ঠিক তেমনি বর্তমান সরকারের সব ষড়যন্ত্র অচিরেই নস্যাত করবে। বক্তারা বলেন, বর্তমানে দেশে সন্ত্রাস, চাঁদাবাজী, টেন্ডারবাজী, খুন, দলীয়করণসহ বিএনপিকে ধ্বংস করার নানা চেষ্টা চলছে। তারা বলেন, প্রবাসী বাঙালীরা সবসময় দেশনেত্রী বেগম খালেদা জিয়ার পাশে আছে এবং থাকবে।

আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল এর কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মনিরুল হক জর্জ, বিএনপি অষ্ট্রেলিয়ার সাবেক সাংগঠনিক সম্পাদক লুৎফুল কবির, বিএনপি অষ্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক ডা. জাহিদুল ইসলাম, জাসাস এর সাবেক সভাপতি নাছিম হোসাইন, জিয়া পরিষদ অষ্ট্রেলিয়ার বর্তমান সভাপতি ফজলুল হক শফিক, যুবদলের সাবেক সভাপতি ইকবাল জুয়েল, সাধারণ সম্পাদক এ্যাডভোকেট মোবারক হোসেন, যুবদল অষ্ট্রেলিয়ার ভারপ্রাপ্ত আহবায়ক আবুল হোসেইন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রদল নেতা আব্দুল মতিন, বিএনপি অষ্ট্রেলিয়ার নেতা গাজী শাখাওয়াত আরিফ, বিএনপি অষ্ট্রেলিয়ার আন্তর্জাতিক বিষয়ক নেতা আক্তারুজ্জামান, আবেদুল্লা হারুনী প্রমুখ। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন বিএনপি অষ্ট্রেলিয়ার সাংগঠনিক সম্পাদক আব্দুল মালেক মানিক।

  
16-06-09

ড. আব্দুল ওয়াহাব

সভাপতি ; বিএনপি অষ্ট্রেলিয়া

6 Hillard St. Willey Park Sydney NSW 2195 Ph: (02) 9750 5959; 0433 411 613